

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটির ডিসেম্বর/ ২০২১খ্রি. মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ মোছাঃ উম্মে কুলছুম বানু

ভাইস-চেয়ারম্যান (মহিলা)

উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, বিরামপুর, দিনাজপুর।

তারিখঃ ২৮.১২.২০২১খ্রি.

সময়ঃ ১১.১৫ ঘটিকায়।

আলোচ্য বিষয় সমূহঃ

১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন

২। উপজেলার বর্তমান মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত পরিস্থিতি পর্যালোচনা

৩। বিবিধ


সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষর পরিশিষ্ট “ক” তে দেখানো হলোঃ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় এবং গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানোর জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিরামপুর দিনাজপুরকে অনুরোধ জানান। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। তাতে কোন সংশোধনী না থাকায় দৃঢ়করণ করা হয়।

এ পর্বে বর্তমান মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত পরিস্থিতি নিয়ে আলোচনা শুরু হয়। আলোচনা, সিদ্ধান্ত এবং বাস্তবায়ন সম্পর্কিত বিষয় সমূহ নিয়ে উল্লেখ করা হলোঃ

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. <u>ভিজিডি সংক্রান্ত:</u> | ২০২১-২০২২ চক্রের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে দুঃস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচির ডিসেম্বর-২০২১খ্রি. মাসের চাল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | ২০২১-২০২২ চক্রের দুঃস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচির ডিসেম্বর-২০২১খ্রি. মাসের চাল বিতরণ সঠিকভাবে করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |
| ২. <u>আইজিএ প্রশিক্ষণ সংক্রান্ত</u> : | “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত)” প্রকল্পের “ফ্যাশন ডিজাইন” এবং “হস্তশিল্প+শতরঞ্জি” ট্রেডের ১২তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। | প্রশিক্ষণ কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |
| ৩. <u>মাতৃকালীন ও ল্যাকটেটিং ভাতা সংক্রান্ত :</u> | মাতৃকালীন ও ল্যাকটেটিং ভাতার উপকারভোগী নির্বাচন সংক্রান্ত কোন নির্দেশনা প্রধান কার্যালয় থেকে পাওয়া যায়নি। নির্দেশনা পাওয়া গেলে পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে। | উপকারভোগী নির্বাচন সংক্রান্ত কোন নির্দেশনা পরবর্তীতে পেলে যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোছাঃ উম্মে কুলছুম বানু)
সভাপতি

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত স্থায়ী
কমিটি

ও

ভাইস-চেয়ারম্যান (মহিলা)

উপজেলা পরিষদ

বিরামপুর, দিনাজপুর।